



## ALL INDIA RADIO, SILCHAR

\*\*\*\*\*

### MORNING NEWS BULLETIN

BENGALI

13 APRIL 2024

7:35 AM—7:40 AM IST

---

লোকসভা নির্বাচনে তৃতীয় পর্যায়ের ভোট গ্রহণের জন্য গতকাল আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। তৃতীয় পর্যায়ে দেশের ১০ টি রাজ্য ও দুটি কেন্দ্র শাসিত অঞ্চলের ৯৪ টি লোকসভা আসনে আগামী ৭ই মে ভোট গ্রহণ করা হবে। তৃতীয় পর্যায়ে আসামের গৌহাটী, ধুবড়ী, বরপেটা ও কোকরাঝাড় লোকসভা আসন রয়েছে। তৃতীয় পর্যায়ের নির্বাচনের জন্য আগামী ১৯ শে এপ্রিল মনোনয়ন পত্র জমা করার শেষ দিন এবং ২২ শে এপ্রিল মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন ধার্য করা হয়েছে।

---

প্রথম পর্যায়ে আগামী ১৯শে এপ্রিল অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের আর মাত্র ছয় দিন বাকি থাকায় আসামে বিভিন্ন রাজনৈতিক দলের তারকা প্রচারকরা ভোটদাতাদের আকর্ষিত করার উদ্দেশ্যে জনসভা-র্যালিতে অংশগ্রহণ করছেন। বিজেপির প্রবীণ নেতা তথা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা গতকাল ডিব্রুগড়, লক্ষিমপুর, শোণিতপুর ও যোরহাটে নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ করেছেন। মুখ্যমন্ত্রী ডিব্রুগড় লোকসভা আসনে বিজেপি প্রার্থী সর্বানন্দ সনোয়ালের হয়ে, লক্ষিমপুর আসনে বিজেপি প্রার্থী প্রদান বড়ুয়ার হয়ে ধেমাজি ও নাওবৈচা-রঙানদীতে প্রচারে অংশ গ্রহণ করেন। এদিকে যোরহাট লোকসভা আসনের বিজেপি প্রার্থী তপন গগৈর হয়ে মুখ্যমন্ত্রী যোরহাট শহরে রোড শো'তে যোগ দেন। কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়ালও গতকাল যোরহাটের বিজেপি প্রার্থীর হয়ে মাজুলিতে জনসভা করেন।

অন্যদিকে পাঞ্জাবের মুখ্যমন্ত্রী ও আম আদমি দলের নেতা ভগবন্ত মান ডিব্রুগড় লোকসভা আসনের দলীয় প্রার্থী মনোজ ধানোয়ার এবং শোণিতপুর আসনের দলীয় প্রার্থী ঋষিরাজ কৌন্ডিন্য'র হয়ে নির্বাচনী প্রচারে যোগ দেওয়ার জন্য গতকাল আসামে এসেছেন।

---

লোকসভা নির্বাচনের জন্য রিপাব্লিকান পার্টি অব ইন্ডিয়া'র পক্ষ থেকে গতকাল গৌহাটী প্রেস ক্লাবে নির্বাচনী ইস্তাহার প্রকাশ করা হয়েছে। ইস্তাহার প্রকাশ করে দলের রাজ্য সভাপতি উৎপল ডেকা জানান যে রিপাব্লিকান পার্টি অব ইন্ডিয়া এবারের লোকসভা নির্বাচনে চারটি আসনে প্রতিদ্বন্দ্বিতা করছে। দলের প্রার্থীরা জয়ী হলে চর এলাকার উন্নয়ন, পিছিয়ে পরা অঞ্চলের স্বাস্থ্য, শিক্ষার সুব্যবস্থা করা, ভূমিহীন পরিবারকে জমির পাট্টা প্রদান করা সহ অন্যান্য উন্নয়নমূলক কাজ করা হবে বলে শ্রী ডেকা জানান।

---

কাছাড়ের অতিরিক্ত জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলার ৮৫ বছরের উর্ধের প্রবীন নাগরিক ও বিশেষভাবে সক্ষম অনুপস্থিত ভোটারদের বাড়ি থেকে এবারে ভোট গ্রহণ করা হচ্ছে। সেই অনুযায়ী প্রথম দফায় আগামী ১৯, ২০ ও ২১শে এপ্রিল এবং দ্বিতীয় দফায় ২২ ও ২৩শে এপ্রিল ভোট গ্রহণের দিন ধার্য করা হয়েছে। এই দিনগুলোতে সম্ভাব্য অনুপস্থিত ভোটারদের নির্দিষ্ট ঠিকানায় ঘরে গিয়ে বি এল ও, সুপারভাইজাররা ভোট গ্রহণ করবেন বলে জানানো হয়েছে।

---

হাইলাকান্দি জেলা প্রশাসন প্রাক নির্বাচনী জনমত সমীক্ষা সংক্রান্ত নির্বাচন কমিশনের নির্দেশ অমান্য করার অভিযোগে হাইলাকান্দি জেলার তিনটি ফেসবুক পোর্টালকে সতর্ক করে দিয়েছে। নির্বাচনী আদর্শ আচরণবিধি লঙ্ঘনের পাশাপাশি নির্বাচনী জনমত সংক্রান্ত সংবাদ প্রচারের দায়ে হাইলাকান্দির তিন ফেসবুক পেজের সত্বাধিকারী যথাক্রমে- ফকরুল ইসলাম লস্করের পরিচালনাধীন মডার্ন টেলিকাস্ট, মুনায় রায়ের পরিচালনাধীন বিউটিফুল কটলীছড়া এবং বুরহান উদ্দিন লস্করের পরিচালনাধীন সার্কেল- 360 কে সতর্ক করে দেওয়া হয়েছে। হাইলাকান্দি জেলা নির্বাচন আধিকারিকের মিডিয়া সার্টিফিকেশন এন্ড মনিটরিং সেল (এম সি এম সি) এর পক্ষ থেকে ঐ তিন ফেসবুক পোর্টালকে সতর্ক করে তাদের কাছ থেকে মুচলেকা আদায় করা হয়েছে। হাইলাকান্দি জেলার জনসংযোগ আধিকারিক সাজ্জাদুল হক চৌধুরী জানিয়েছেন যে- এক্সিট পোল সহ নির্বাচনী আদর্শ আচরণবিধি লঙ্ঘনের জন্য অভিযুক্ত হওয়ায় তাদের লিখিত মুচলেকা নেওয়া হয়েছে। তারা এধরনের ভুলের জন্য ক্ষমা চেয়ে ভবিষ্যতে এর পুনরাবৃত্তি হবে না বলে অঙ্গীকার করেছেন। উল্লেখ্য- আসন্ন লোকসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নির্বাচন কমিশন এক্সিট পোল নিষিদ্ধ করেছে।

হাইলাকান্দি জেলার পোষ্টাল ব্যালট পেপার সেলের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জেলায় নিযুক্ত ভোট গ্রহন কর্মী সহ প্রয়োজনীয় পরিষেবাগুলির কাজে নিয়োজিত থাকায় নিজ নিজ ভোটদানে অনুপস্থিত ভোটারদের জন্য পোষ্টাল ব্যালট ভোটের স্থান এবং তারিখ ঘোষণা করা হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে প্রথম পর্যায়ে কাজিরাঙ্গা, শোণিতপুর, লক্ষ্মীমপুর, ডিব্রুগড় এবং যোরহাট কেন্দ্রের ভোটারদের মধ্যে প্রশাসনিক কর্মীদের জন্য আগামী ১৪ থেকে ১৮ই এপ্রিল পর্যন্ত হাইলাকান্দির জেলা আয়ুক্তের কার্যালয়ের নিচের তলা, ১৪ এবং ১৫ই এপ্রিল পুলিশের জন্য পুলিশ রিজার্ভ কার্যালয়কে নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। এদিকে দ্বিতীয় পর্যায়ে শিলচর, করিমগঞ্জ, দরং-উদালগুড়ি ও ডিফু লোকসভা আসনের নির্বাচনী কাজে নিয়োজিত ভোটদাতাদের মধ্যে প্রশাসনিক কর্মীদের জন্য ১৫ থেকে ২৫শে এপ্রিল পর্যন্ত জেলা আয়ুক্তের কার্যালয়ের নিচতলা, ১৫ থেকে ২২ এপ্রিল পর্যন্ত পুলিশের জন্য পুলিশ রিজার্ভ, ভোট কর্মীদের জন্য ১৮ থেকে ২০ এপ্রিল পর্যন্ত এস এস কলেজে এবং তৃতীয় পর্যায়ে কোকড়াঝাড়, ধুবড়ী, বরপেটা এবং গৌহাটী লোকসভা আসনের জন্য দোসরা মে থেকে ৬ই মে পর্যন্ত প্রশাসনিক কর্মীদের জন্য জেলা আয়ুক্তের কার্যালয়ের নিচতলায় এবং দোসরা ও তেসরা মে পুলিশের জন্য পুলিশ রিজার্ভে পোষ্টাল ব্যালটে ভোটদানের ব্যবস্থা করা হয়েছে।

হাইলাকান্দি জেলার অতিরিক্ত আয়ুক্ত অমিত পারবোসা এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলার হজ যাত্রীদের হজ প্রশিক্ষন কর্মশালা আগামী ১৫ই এপ্রিল হাইলাকান্দি রতনপুর রোডের কমিউনিটি এন্ড কালচারেল সেন্টারে অনুষ্ঠিত হবে। সকাল ১০টা থেকে এই প্রশিক্ষন কর্মশালা অনুষ্ঠিত হবে। শ্রী পারবোসা জেলার সব হজ যাত্রীদেরকে আগামী সোমবার নির্ধারিত স্থানে উপস্থিত থাকতে আনুরোধ জানিয়েছেন।